

সারাদেশ

জামালগঞ্জে বিআইডব্লিউটিএ ইজারাদারকে চাঁদাবাজ ও বিএনপি নেতাদের গডফাদার

প্রতিবেদক: সুনামগঞ্জ প্রতিনিধি

প্রকাশের তারিখ: সোমবার, ২৮ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৪৯ PM



বিআইডব্লিউটিএ কর্তৃক ২০২৬-২৭ অর্থ বছরে সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলার সাচনাবাজার লঞ্চঘাট থেকে মান্নানঘাট পূর্ব পর্যন্ত ও ফেনারবাঁক ইউনিয়নের গজারিয়া এলাকার সুরমা ও বৌলাই নদীর উভয় পাড়ে এলসি ও বার্ডিং আদায়কৃত ইজারাদারকে গত ২৭ সেপ্টেম্বর দুটি সমিতির ব্যানারে মানববন্ধনে চাঁদাবাজ বলার প্রতিবাদে ইজারাদারদের পক্ষ থেকে সংবাদ সম্মেলন করা হয়েছে।

সোমবার বিকালে জামালগঞ্জে বিআইডব্লিউটিএ এর ইজারাদার ওয়াহেদ আলী ও জিয়াউর রহমানের আয়োজনে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন বিআইডব্লিউটিএ ইজারাদার জিয়াউর রহমান।

ইজারাদারদের চাঁদাবাজির গডফাদার হিসেবে বিএনপি তিনজন নেতার নাম জড়িয়ে অপপ্রচার করায় উক্ত সংবাদ সম্মেলন তীব্র প্রতিবাদ জানান, উপজেলা বিএনপির আহ্বায়ক শফিকুর রহমান, বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও সাবেক সাধারণ সম্পাদক শাহ মো: শাহজাহান, যুবদলের উপজেলা শাখার সিনিয়র যুগ্ম-আহ্বায়ক ও সাচনাবাজার ইউপির চেয়ারম্যান মাসুক মিয়া।

সংবাদ সম্মেলনে ইজারদার জিয়াউর রহমান বলেন, আমরা বিআইডব্লিউটিএ কর্তৃক প্রাপ্ত বৈধ ইজারাদার। সরকারি নিয়মানুযায়ী প্রতি মে.টন মালামাল ৭০টাকা হিসেবে রিসিটের মাধ্যমে আমাদের কালেক্টারগন টোল আদায় করছেন।

কিন্তু সম্প্রতি অবৈধ সুযোগ না দেওয়ায় উপজেলা বিএনপির ১ম যুগ্ম-আহবায়ক আ.মালিক, স্বাক্ষর সম্বলিত যুগ্ম-আহবায়ক আজিজুর রহমান, ও যুগ্ম-আহবায়ক মাসুম মাহমুদ তালুকদার-এর ইন্দনে জামালগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে গত (২৭সেপ্টেম্বর) জামালগঞ্জে অবস্থিত মিনি স্টোন ক্রাসার মিল মালিক সমিতি ও নৌশ্রমিক সমিতি নামে দুটি সংগঠনের ব্যানারে উদ্দেশ্য প্রণোদিত ভাবে প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন আয়োজন করে এবং মিথ্যা নাটক সাজিয়ে বিআইডব্লিউটিএ ইজারদার ও বিএনপির গুরুত্বপূর্ণ তিন নেতার বিরুদ্ধে অপপ্রচার চালায়।

জামালগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক শফিকুর রহমান, আহবায়ক কমিটির সদস্য শাহ মো.শাহজাহান, উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহবায়ক মাসুম মিয়া বলেন, কথিত দুটি সমিতির ব্যানারে গত ২৭সেপ্টেম্বর যে মানববন্ধন ও মিছিল করা হয়েছে, তা মূলত রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ও মিথ্যা-বানোয়াট। বিআইডব্লিউটিএ-এর ইজারদারদের সাথে তাদের কোন সম্পৃক্ততা নেই।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মশারুফ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/jamalgnje-biaidbliutie-ijaradarke-chandabaj-o-bienpi-netader-gdfadar>